(১৫) ''ফরম'' অর্থ বিধিমালার সহিত সংযোজিত ফরম;

(১৬) ''ভোটগ্রহণের তারিখ'' অর্থ নির্বাচনের জন্য স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ এর অধীন নির্ধারিত ভোটগ্রহণের তারিখ;

(১৭) ''ভোটার তালিকা'' অর্থ ভোটার তালিকা আইন, ২০০৯ (২০০৯ সনের ৬ নং আইন) এর অধীন প্রণীত চূড়ান্ত ভোটার তালিকা;

(১৮) ''সংরক্ষিত আসন'' অর্থ আইনের ধারা ৫ এর উপ-ধারা (২) এ বর্ণিত মহিলাদের জন্য সংরক্ষিত কাউন্সিলরের আসন;

(১৯) ''সাধারণ আসন'' অর্থ সংরক্ষিত আসন ব্যতীত, আইনের ধারা ৫ এর উপ-ধারা (১) এর দফা (খ) এ বর্ণিত সাধারণ কাউন্সিলরের আসন;

(২০) ''সিটি কর্পোরেশন'' বা ''কর্পোরেশন'' অর্থ আইনের ধারা ২(১৪) তে সংজ্ঞায়িত সিটি কর্পোরেশন বা কর্পোরেশন।

৩। **ইভিএম এর মাধ্যমে ভোট প্রদান**।- সিটি কর্পোরেশনের মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদের নির্বাচনে গোপন ব্যালট বা, ক্ষেত্রমত, ইভিএম এর মাধ্যমে ভোট গ্রহণ করা যাইবে।

৪। **ইভিএম গঠন, ইত্যাদি**। - (১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে প্রতিটি ইভিএম-

[১][(ক) ব্যাটারী চালিত একটি কন্ট্রোল ইউনিট ও একটি ব্যালট ইউনিট সমন্বয়ে গঠিত হইবে;

(খ) কন্ট্রোল ইউনিট এবং ব্যালট ইউনিট আন্ত: সংযোগের মাধ্যমে কার্যকর থাকিবে; এবং]

(গ) কমিশন কর্তৃক অনুমোদিত ডিজাইনের হইতে হইবে।

(২) কন্ট্রোল ইউনিট—

(ক) কন্ট্রোল ইউনিটে একটি ডেমো রেজাল্ট, একটি ক্লিয়ার মেমোরী, একটি স্টার্ট, একটি ব্যালট, একটি ক্লোজ এবং একটি ফাইনাল রেজাল্ট সুইচ বা বাটন থাকিবে;

(খ) কন্ট্রোল ইউনিটের স্টার্ট, ক্লোজ এবং ফাইনাল রেজাল্ট সুইচ তিনটি সীলকৃত অবস্থায় সুরক্ষিত থাকিবে এবং প্রতিটি ভোট কক্ষে একজন সহকারী প্রিজাইডিং অফিসারের তত্ত্বাবধানে থাকিবে;

(গ) প্রত্যেক সহকারী প্রিজাইডিং অফিসারের-

(অ) তথ্যসহ একটি স্মার্ট কার্ড থাকিবে;

(আ) কার্ডটি যতক্ষন কন্ট্রোল ইউনিটে সঠিক পন্থায় ঢুকানো অবস্থায় থাকিবে ততক্ষণ পর্যন্ত উক্ত ইউনিটটি চালু থাকিবে;

(ঘ) সহকারী প্রিজাইডিং অফিসার কার্ডটি বাহির করার সংগে সংগে ইউনিটটির কার্যকারিতা বন্ধ হইয়া যাইবে এবং পুনরায় চালু করিতে হইলে স্মার্ট কার্ডটি কন্ট্রোল ইউনিটে ঢুকানোর সংগে সংগে উহা চালু হইবে এবং পূর্বে প্রদত্ত ভোটও সংরক্ষিত থাকিবে; এবং

(ঙ) কন্ট্রোল ইউনিটে ''ব্যালট'' নামের একটি সুইচ থাকিবে এবং উহা চাপিবার মাধ্যমে ব্যালট ইউনিট কার্যকর হইবে; একজন ভোটার ভোট দেওয়ার পর ব্যালট ইউনিটটি অকার্যকর হইয়া যাইবে; অকার্যকর অবস্থায় আবার ভোট দিলেও মেশিন উহা গ্রহণ করিবে না; পরবর্তী একজন ভোটারকে ভোটদানের জন্য বুথের গোপন কক্ষে প্রবেশ করাইবার আগে সহকারী প্রিজাইডিং অফিসার বা পোলিং অফিসার কন্ট্রোল ইউনিটের ''ব্যালট'' সুইচটি চাপিয়া ব্যালট ইউনিটটি ভোটদানের জন্য পুনরায় কার্যকর করিবেন; ব্যালট ইউনিটটি কার্যকর হইবামাত্র উহার সর্বডানে নীচের দিকে অবস্থিত ''ভোট দিন'' নামক বাতিটি জ্বলিয়া উঠিবে।

ফরম-'ছ'

[বিধি ২০(ক) দ্রষ্টব্য]

## সাধারণ আসনের কাউন্সিলর পদে ভোটকক্ষভিত্তিক ফলাফল বিবরণী

সিটি কর্পোরেশনের নাম..........................সাধারণ ওয়ার্ড নম্বর..................উপজেলা/থানা................

ভোটকেন্দ্রের নম্বর ও নাম.................................................................................

| ক্রমিক নং | প্রার্থীর নাম | প্রার্থীর প্রতীক | ভোট কক্ষ নম্বর-১ | ভোট কক্ষ নম্বর-২ | ভোট কক্ষ নম্বর-৩ | ভোট কক্ষ নম্বর-৪ | ভোট কক্ষ নম্বর-৫ | ভোট কক্ষ নম্বর-৬ | ভোট কক্ষ নম্বর-৭ | ভোট কক্ষ নম্বর-৮ | ভোট কক্ষ নম্বর-৯ | ভোট কক্ষ নম্বর-১০ | Blank |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (০১) | | | | | | | | | | | | | |
| (০২) | | | | | | | | | | | | | |
| (০৩) | | | | | | | | | | | | | |
| (০৪) | | | | | | | | | | | | | |
| (০৫) | | | | | | | | | | | | | |
| (০৬) | | | | | | | | | | | | | |
| (০৭) | | | | | | | | | | | | | |
| (০৮) | | | | | | | | | | | | | |
| . | | | | | | | | | | | | | |
| . | | | | | | | | | | | | | |
| . | | | | | | | | | | | | | |
| . | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | |

]

[বিঃ দ্রঃ অপ্রেয়োজনীয় অংশগুলি কাটিয়া দিন]]

---

[১] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।
[২] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।
[৩] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।
[৪] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।
[৫] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা বিলুপ্ত হয়েছে।
[৬] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।
[৭] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা বিলুপ্ত হয়েছে।
[৮] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা বিলুপ্ত হয়েছে।
[৯] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।
[১০] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা বিলুপ্ত হয়েছে।
[১১] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।
[১২] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।
[১৩] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা বিলুপ্ত হয়েছে।
[১৪] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা বিলুপ্ত হয়েছে।
[১৫] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।
[১৬] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।
[১৭] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।
[১৮] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।
[১৯] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।
[২০] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।
[২১] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।
[২২] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।
[২৩] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।
[২৪] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।
[২৫] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।
[২৬] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।
[২৭] এস, আর, ও নং ৩৭০-আইন/২০১১ দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।
[২৮] এস. আর. ও. নং ৩৬৮ক-আইন/২০১১ দ্বারা সংযোজিত হয়েছে।